১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

স্মারক নং-৩৮.০৩.০০০০.২০৫.২৯.০৭৮.১৮.৫০

তারিখ: ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

## নোটিশ

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর ২০২৪-২০২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক, প্রশাসন ও অর্থ (অ. দা) ও টিম লিডার। |
| সভার তারিখ | : | ২২ আগস্ট ২০২৪ খ্রি.। |
| সময় | : | বিকাল ৩.০০ টা। |
| স্থান | : | সভাকক্ষ, সিপিইআইএমইউ, শিক্ষা ভবন, ঢাকা। |

২। এ অবস্থায়, উপরেউল্লিখিত সময়সূচি অনুযায়ী ইনোভেশন টিম-এর সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

১. ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন;
২. ইউনিটের সেবা সহজীকরণের ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভবাণী ধারণা বাস্তবায়ন;
৩. ই-নথিতে নোট নিষ্পন্নকরণ;
৪. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিষয়ভিত্তিক প্রথম কর্মশালা আয়োজন; এবং
৫. বিবিধ।

২১/০৮/২০২৪
মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.০৩.০০০০.২০৫.২৯.০৭৮.১৮.৫০(৩)

তারিখ: ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক, প্রশাসন ও অর্থ (অতিরিক্ত দায়িত্ব) ও টিম লিডার, ইনোভেশন টিম।
০২। জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা, উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট ও সদস্য, ইনোভেশন টিম।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫০৩৮৮

E:\Arafat Hossain\সুশাসন ২০২৪-২০২৫\ইনোভেশন\Notice Innovation.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামাল হোসেন<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অ.দা) ও টিম লিডার |
| তারিখ | : | ২২ আগস্ট, ২০২৪ খ্রি. |
| সময় | : | বেলা ৩.০০টা |
| স্থান | : | সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইউনিটের ইনোভেশন টিমের সদস্য সচিব ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোঃ জিল্লুর রহমান বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

বিস্তারিত আলোচনাপূর্বক বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন। | বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়। | গত ০৫ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত ইউনিট-এর ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২. | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন। | সভায় ২০২৪-২০২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা পর্যালোচনা করা হয়। কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ১ম ত্রৈমাসিকের স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের বিষয়ে আলোচনা করা। ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট জানান, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সহজিকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতপূর্বক এবং সেবাটি চালু রেখে, ই-নথিতে নোট নিষ্পত্তিসহ তথ্য বাতায়ন হালনাগাদ করে আগামী ১০ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা যায়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর ১ম ত্রৈমাসিকের কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়ন করে আগামী ১০ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৩. | ইউনিটের সেবা সহজীকরণের ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভবাণী ধারণা বাস্তবায়ন। | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের বার্ষিক উদ্ভাবনী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনার আওতায় "সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন" বিষয়ে সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন সংক্রান্ত ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণার প্রস্তাব দাখিলের জন্য ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণকে পত্র দেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | ইউনিটের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে ইউনিটের কর্মকর্তা-কর্মচারী কর্তৃক ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণার প্রস্তাব জমা দেওয়ার লক্ষ্যে পত্র জারির সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৪. | ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির | ফোকাল পয়েন্ট জানান, ২০২৪-২০২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক | ই-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকাটি অনুমোদনপূর্বক | কামাল হোসেন, |

<table>
<tr><th>ক্রমিক নম্বর</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td>তালিকা অনুমোদন</td><td>৪.১.১ অনুযায়ী ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা প্রস্তুতকরে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। গত ১১ আগস্ট ২০২৪ তারিখের ৩৮.০৩.০০০০০. ২০৫.২৯. ০৭৮. ১৮ (অংশ-১)/৩৪ নম্বর স্মারকে ইউনিটের প্রশাসন শাখা, অর্থ ও হিসাব শাখা, আইন শাখা এবং বিভিন্ন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণকে ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা দাখিলের জন্য পত্র দেয়া হয়েছে। তৎপরিপ্রেক্ষিতে উল্লেখিত শাখা/বিভাগ থেকে নিম্মোক্ত ১৮টি নথির তালিকা পাওয়া গিয়েছে:
<table>
<tr><th>নথির নাম/বিষয়</th><th>শাখা</th></tr>
<tr><td>১. অনিষ্পন্ন পত্র সংক্রান্ত নথি</td><td rowspan="8">প্রশাসন শাখা</td></tr>
<tr><td>২. নন-ট্যাক্স রেভিনিউ সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>৩. জাতীয় সংসদের প্রশ্নোত্তর সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>৪. সরকারের প্রতিশ্রুতি সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>৫. শ্রান্তি বিনোদন ছুটি সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>৬. জিপিএফ অনুমোদন সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>৭. বহিঃবাংলাদেশ ছুটি অনুমোদন নথি</td></tr>
<tr><td>৮. ইন্টারনেট সংক্রান্ত নথি।</td></tr>
<tr><td>৯. জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নথি</td><td rowspan="8">কম্পিউটার শাখা</td></tr>
<tr><td>১০. সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>১১. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>১২. মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভা নথি</td></tr>
<tr><td>১৩. মন্ত্রণালয়ের মাসিক প্রতিবেদন সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>১৪. বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>১৫. অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>১৬. তথ্য অধিকার সংক্রান্ত নথি</td></tr>
<tr><td>১৭. কর্মচারীদের মাসিক বেতন সংক্রান্ত নথি</td><td rowspan="2">হিসাব শাখা</td></tr>
<tr><td>১৮. কর্মকর্তা-কর্মচারীদের ভ্রমন ভাতা নথি</td></tr>
</table>
কর্মকর্তা-কর্মচারী কর্তৃক দাখিলকৃত তালিকা পর্যালোচনান্তে নথিসমূহ ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য এবং অনুমোদনযোগ্য বলে সভায় মত পোষণ করা হয়। যে সকল কর্মকর্তা-কর্মচারীর ই-নথিতে আইডি নেই, তাদের ই-নথির আইডি সৃজনপূর্বক পাসওয়ার্ড সরবরাহের জন্য উপপরিচালক (প্রশাসন) কে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।</td><td>আগামী ৩১ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, যে সকল কর্মকর্তা-কর্মচারীর ই-নথিতে আইডি নেই, জরুরিভিত্তিতে তাঁদের ই-নথির আইডি সৃজনপূর্বক পাসওয়ার্ড সরবরাহের জন্য উপপরিচালক (প্রশাসন)কে দায়িত্ব প্রদান করা হয়।</td><td>পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (প্রশাসন)</td></tr>
<tr><td>৫.</td><td>স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিষয়ভিত্তিক প্রথম কর্মশালা আয়োজন</td><td>মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত ২০২৪-২০২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৬.১ কার্যক্রমের ৬.১.১ কর্মসম্পাদন সূচক অনুযায়ী চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ বিষয়ক ৪টি কর্মশালা/সেমিনার আয়োজনের নির্দেশনা রয়েছে। আগামী সেপ্টেম্বর, ২০২৪ মাসে ইউনিটের সভাকক্ষে প্রথম কর্মশালাটি আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।</td><td>আগামী সেপ্টেম্বর, ২০২৩ মাসের মধ্যে ইউনিটের সভাকক্ষে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ বিষয়ক প্রথম কর্মশালাটি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
</table>

৩। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫।০৮।২০২৪
মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশা ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

১৭.৮

১৪

স্মারক নং-৩৮.০৩.০০০০.২০৫.২৯.০৭৮.২০১৮.৫৫ (১০)

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন)/(সকল), ............ ......। এ ইউনিট।
৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৫। জনাব/বেগম .........................., এ ইউনিট।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৫.০৮.২০২৪

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৮
ই-মেইল: cpeimu2011@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর বার্ষিক উদ্ভাবনী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিম-এর ১ম ত্রৈমাসিক সভার হাজিরা শীট

সভার তারিখ: ২২ আগস্ট ২০২৪ খ্রি, বেলা: ৩.০০টা
স্থান: সভাকক্ষ, সিপিইআইএমইউ, শিক্ষা ভবন, ঢাকা

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদবি | মুঠোফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোঃ কামাল হোসেন<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অ.দা), | টিম লিডার | ০১৭১২৮১৯৯৯৪ | |
| ২. | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা,<br>উপপরিচালক (প্রশাসন) | সদস্য | ০১৭১১৯৩২৮৫৩ | |
| ৩. | জনাব মোঃ জিল্লুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশাসন) | সদস্য সচিব | ০১৯১২৭৫৪৮৪৯ | |